# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (b) সম্প্রতি হরিয়ানার ফরিদাবাদ জেলার সুরজকুণ্ডে অনুষ্ঠিত হয়ে গেল ৩৫তম সুরজকুণ্ড ইন্টারন্যাশনাল ক্র্যাফটস মেলা। এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন হরিয়ানার রাজ্যপাল বান্দারু দত্তাত্রেয় এবং মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টর। প্রসঙ্গত উল্লেখ্য, এবারের এই মেলার থিম রাজ্য ছিল জম্মু ও কাশ্মীর।

2. (b) ২১ মার্চ সারা বিশ্বজুড়ে আন্তর্জাতিক অরণ্য দিবস (International Day of Forest) উদযাপিত হল। এবছরের থিম হল— 'Forests and Sustainable Production and Consumption'। অ্যাচিভার্স

3. (a) মোনাকোর ফেরারি ড্রাইভার চার্লস লেকরেক ২০২২ সালের বাহরিন গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন। তিনি ২০১৮ সালে অস্ট্রেলিয়ান গ্রাঁপিতে জীবনের প্রথম কার রেসিং প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলেন। ২০১৯ সালে বেলজিয়ান গ্রাঁপিতে চ্যাম্পিয়ন হয়েছিলেন।

4. (d) সম্প্রতি কাতারের দোহায় অনুষ্ঠিত ১৯তম এশিয়ান ১০০ আপ বিলিয়ার্ডস চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হলেন ভারতের কিংবদন্তী স্নুকার ও বিলিয়ার্ডস খেলোয়াড় পঙ্কজ আদবানি। তিনি এর আগে ২০০৬ এবং ২০১০ সালের এশিয়ান গেমসে সোনার মেডেল জয়লাভ করেছেন। অ্যাচিভার্স

5. (b) ডাউন সিনড্রোম সম্পর্কে জনসচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে ২১ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ডাউন সিনড্রোম ডে উদযাপিত হল। এবছরের থিম হল— 'We Decide'।

6. (c) মালদ্বীপ সরকার কর্তৃক প্রদত্ত মালদ্বীপ স্পোর্টস অ্যাওয়ার্ডস ২০২২ -এ স্পোর্টস আইকন বিভাগে পুরস্কৃত হলেন ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সুরেশ রায়না।

7. (b) ২২-৩১ মার্চ সেসেলসের সেসেলস ডিফেন্স অ্যাকাডেমিতে ভারত ও সেসেলস সেনাবাহিনীর মধ্যে নবম সামরিক মহড়া LAMITIYE - 2022 অনুষ্ঠিত হল।

**এক নজরে সেসেলস:**
☞ রাজধানী — ভিক্টোরিয়া।
☞ প্রধান ধর্ম — খ্রিস্টান। অ্যাচিভার্স
☞ আয়তন — ৪৫৯ বর্গকিমি।

8. (c) ২১ মার্চ মণিপুরের মুখ্যমন্ত্রী হিসাবে দ্বিতীয়বারের জন্য পুনর্নির্বাচিত হলেন এন বীরেন সিং। তিনি ২০১৭ সালের ১৫ মার্চ মণিপুরের মুখ্যমন্ত্রী হিসাবে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন।

9. (a) ২২ মার্চ মিষ্টি ও বিশুদ্ধ জলের গুরুত্ব বোঝাতে সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ওয়াটার ডে পালিত হয়ে থাকে। এবছরের থিম হল— 'Groundwater, Making the Invisible Visible'।

10. (b) ভারতের অন্যতম বেসরকারি এইচডিএফসি ব্যাঙ্ক গ্রাহকদের কার্ডস, ইউপিআই, কিউআর কোড, ট্যাপ পে এবং এসএমএস ভিত্তিক পেমেন্টস পরিষেবা প্রদানের প্রচার করার জন্য SmartHub Vyapar Programme চালু করেছে।

11. (c) সম্প্রতি মুম্বাইয়ের অনুষ্ঠিত স্পোর্টস স্টার অ্যাসেস অ্যাওয়ার্ডসের পুরস্কার বিতরণী সভায় মহিলাদের বিভাগে স্পোর্টস স্টার অফ দ্য ইয়ার বিভাগে পুরস্কৃত হলেন ২০২০ সালের টোকিও অলিম্পিকে রৌপ্য মেডেল জয়ী ভারতীয় ভারোত্তোলক মীরাবাঈ চানু। প্রসঙ্গত উল্লেখ্য পুরুষদের বিভাগে স্পোর্টস স্টার অফ দ্য ইয়ার বিভাগে পুরস্কৃত হয়েছেন টোকিও অলিম্পিকে সোনার মেডেল জয়ী জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া। অ্যাচিভার্স

12. (a) ২০-২২ মার্চ ভার্চুয়াল প্লাটফর্মে ভারতে অনুষ্ঠিত হয়ে গেল ৩৬তম ইন্টারন্যাশনাল জিওলজিক্যাল কংগ্রেস। এবারের এই আলোচনা সভার মূল থিম ছিল— 'Geo Sciences : The Basic Science for Sustainable Future'।

13. (c) ১৯ মার্চ তুর্কমেনিস্তানের তৃতীয় প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন সেরদার বেরদিমুহম্মদ। তিনি ২০১৬-২০১৯ পর্যন্ত ২৫তম ডিস্ট্রিক্ট এলাকা থেকে সাংসদ, ২০১৯-২০২০ পর্যন্ত আহলের গভর্নর হিসাবে দায়িত্ব পালন করেছেন।

14. (b) ভারতের রাজধানী নতুন দিল্লি বিশ্বের সবচেয়ে দূষিত রাজধানী শহরের তালিকায় প্রথম স্থানে রয়েছে। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে বাংলাদেশের রাজধানী ঢাকা, তৃতীয় স্থানে রয়েছে চাদের রাজধানী এনজামেনা। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বের সবচেয়ে দূষিত দেশের তালিকায় প্রথম স্থানে রয়েছে বাংলাদেশ, দ্বিতীয় স্থানে চাদ, তৃতীয় স্থানে পাকিস্তান এবং ভারত রয়েছে পঞ্চম স্থানে। অ্যাচিভার্স

15. (b) সম্প্রতি ২০২২ সালের প্রিৎজকার আর্কিটেকচার প্রাইজে ভূষিত হলেন বুরুকিনা ফ্যাসোর বিশিষ্ট স্থপতিকার দিবেদো ফ্রান্সিস কেরে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৭৯ সালে হায়াৎ ফাউন্ডেশন কর্তৃক এই পুরস্কার প্রদান করা শুরু হয়েছিল।

16. (a) নাইট ফ্রাঙ্ক কর্তৃক প্রকাশিত Global House Price Index Q4 - 2021 এর তালিকায় ভারত রয়েছে ৫১তম স্থানে। ভারত ২০২০ সালে এই তালিকায় ৫৬তম স্থানে ছিল।

17. (a) ১৯৫০ সালের ২৩ মার্চ মেটিওরোলজিক্যাল অর্গানাইজেশন প্রতিষ্ঠার দিনটি স্মরণীয় করে রাখতে প্রত্যেক বছর ২৩ মার্চ ওয়ার্ল্ড মেটিওরোজিক্যাল ডে উদযাপিত হয়। এবছরের এই দিবসের থিম হল--- 'Early Warning and Early Action'। অ্যাচিভার্স

18. (b) তিনি ২০১৭-২০১৯ সাল পর্যন্ত মালির প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া ২০১১-২০১২ সাল পর্যন্ত সেদেশের বিদেশ মন্ত্রী ছিলেন। অ্যাচিভার্স

19. (d) কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক ধূসর জল ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য জাতীয় জল দিবসের দিন Sujalam 2.0 কর্মসূচী চালু করেছে। এই প্রচারাভিযানে থিম হল— 'Ground Water : Making the Invisible Visible ।

20. (a) রিচা মিশ্র দ্য হিন্দু বিজনেস লাইন সংবাদপত্রের একজন প্রতিষ্ঠিত সাংবাদিক। গ্রন্থটিতে ১৯৭০ দশকের পেট্রোলিয়াম মন্ত্রী কেশব দেব মালব্যর তৈল প্রযুক্তিবিদ্যা ক্ষেত্রে অবদান বিষয়ক নানা ঘটনা বর্ণিত উপস্থাপিত হয়েছে।

21. (b) ২৪ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড টিবি ডে'র এবছরের থিম হল— 'Invest to End TB. Save Lives'।

22. (d) মার্কিন যুক্তরাষ্ট্রের বিশিষ্ট গণিতজ্ঞ ডেনিস পার্নেল সুল্লিভান বীজগণিত, জ্যামিতি, ডায়নমিক্যাল অ্যাসপেক্টস-এর টপোলজি ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ অ্যাবেল প্রাইজে ভূষিত হলেন। অ্যাচিভার্স

23. (c) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ চিলির গভর্নর মারিও মার্সেল সেন্ট্রাল ব্যাঙ্কিং অ্যাওয়ার্ডস - ২০২২ এর গভর্নর অফ দ্য ইয়ার বিভাগে পুরস্কৃত হয়েছেন।

24. (a) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সম্প্রতি সিএসবি ব্যাঙ্কের অন্তর্বর্তীকালীন এমডি এবং সিইও হিসাবে প্রলয় মণ্ডলকে নিযুক্ত করেছে। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে কর্মরত ছিলেন।

**এক নজরে সিবিএস ব্যাঙ্ক:**

☞ প্রতিষ্ঠাকাল — ১৯২০ সাল।
☞ সদর কার্যালয় — থ্রিসার, কেরল।

25. (d) স্টিফেন আর্ল উইলহাইট ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের বিশিষ্ট কম্পিউটার বিজ্ঞানী। তিনি গ্রাফিক্স ইন্টারচেঞ্জ ফর্ম্যাট (GIF) নামক পিকচার ফর্ম্যাটের সৃষ্টিকর্তা ছিলেন।

26. (a) ২৫ মার্চ উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী হিসাবে দ্বিতীয়বার শপথ নেওয়া যোগী আদিত্যনাথ গোরখপুর বিধানসভা ক্ষেত্র থেকে জয়লাভ করেছেন। তাঁর নেতৃত্বাধীন মন্ত্রীসভায় ১৮ জন ক্যাবিনেট মন্ত্রী, ১৪ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী এবং ২০ জন প্রতিমন্ত্রী শপথ গ্রহণ করেছেন। অ্যাচিভার্স

27. (a) ২৭ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড থিয়েটার ডে'র এবছরের থিম হল— 'Theatre and a Culture of Peace'।

28. (d) জল ক্ষেত্রে নোবেল পুরস্কার হিসাবে বিবেচিত স্টকহোম ওয়াটার প্রাইজে ভূষিত হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের বিশিষ্ট অধ্যাপক উইলফ্রেড ব্রুটসার্ট।

29. (b) ভারতের কিংবদন্তী ব্যাডমিন্টন তারকা পি ভি সিন্ধু থাইল্যান্ডের বুসানান ওংবামরুংফানকে পরাজিত করে সুইস ওপেন ব্যাডমিন্টন টুর্নামেন্টে জয়লাভ করলেন।

**এক নজরে পি ভি সিন্ধুর প্রধান কয়েকটি মেডেল জয়ের তালিকা:** অ্যাচিভার্স

☞ ২০২০-র টোকিও অলিম্পিক — ব্রোঞ্জ।
☞ ২০১৬-র রিও অলিম্পিক — রুপো।
☞ ২০১৯ এর ব্যাসেল ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ — সোনা।
☞ ২০১৮-র নানজিং ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ — রুপো।
☞ ২০১৭-র গ্লাসগো ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ — রুপো।

30. (a) কোডা চলচ্চিত্রটি হল সিয়ান হেদার পরিচালিত হাস্যরসাত্মক চলচ্চিত্র, যেখানে ভবিষ্যৎ যুগের নানান পরিবর্তনজনিত দৃশ্য তুলে ধরা হয়েছে। চলচ্চিত্রটি ২৮ জানুয়ারি ২০২১ সালে সানড্যান্স ফিল্ম ফেস্টিভ্যালে প্রথম দেখানো হয়েছিল। ২০২১ সালের ১৩ আগস্ট এটি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম মুক্তি পায়। চলচ্চিত্রটি মোট ১১১ মিনিটের।

31. (a) সম্প্রতি কোচিন ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট ২০২২ সালের 'কোভিড চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ডে' ভূষিত হয়েছে। সম্প্রতি আয়োজিত এশিয়ার বৃহত্তম ইভেন্ট (অসামরিক বিমান চলাচল ক্ষেত্র) 'Wings India - 2022' -এ এই পুরস্কারে ভূষিত করা হয়েছে। অ্যাচিভার্স

32. (c) সম্প্রতি অনুষ্ঠিত সৌদি আরব গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে মোনাকোর ফেরারি ড্রাইভার চার্লস লেকরেক এবং স্পেনের ফেরারি ড্রাইভার কার্লোস সাঞ্জ জুনিয়র।

33. (a) মহিলাদের অনূর্ধ্ব-১৮ সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হয়েছে ভারত। ফাইনালে তারা বাংলাদেশকে পরাজিত করেছে।

**এক নজরে সাফ চ্যাম্পিয়নশিপ—**

☞ তারিখ — ১৫-২৫ মার্চ, ২০২২।
☞ মোট দল — ৩টি।
☞ খেলার স্থান — জামশেদপুর। অ্যাচিভার্স
☞ সর্বাধিক গোলদাতা — সার্টো লিন্ডা কম।

34. (d) ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশনের নতুন ডিজি হিসাবে নিযুক্ত হলেন গিলবার্ট হাউংবো। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী গে রাইডারের স্থলাভিষিক্ত হলেন। তিনি ২০০৮-২০১২ সাল পর্যন্ত টোগোর প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

35. (a) ব্রডকাস্ট অডিয়েন্স রিসার্চ কাউন্সিলের (BARC) চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন শশী সিনহা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পুনীত গোয়েঙ্কার স্থলাভিষিক্ত হলেন।

**এক নজরে BARC—** অ্যাচিভার্স

☞ প্রতিষ্ঠাকাল — ২০১০।
☞ সদর কার্যালয় — মুম্বাই।

36. (a) সম্প্রতি ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার প্রেসিডেন্ট হিসাবে দ্বিতীয়বারের জন্য পুনর্নির্বাচিত হলেন বিশিষ্ট

রাজনীতিবিদ ও দক্ষ ক্রীড়া প্রশাসক হিমন্ত বিশ্বশর্মা। তিনি বর্তমানে অসমের মুখ্যমন্ত্রী হিসাবেও নিযুক্ত আছেন।

37. (b) সম্প্রতি প্রয়াত মিগুয়েল ভন দাম্মি ফুটবল খেলার সঙ্গে জড়িত ছিলেন। তিনি দীর্ঘদিন বেলজিয়াম ফুটবল দলের হয়ে খেলেছেন। সম্প্রতি তিনি লিউকোমিয়া আক্রান্ত হয়ে মারা গেছেন।

38. (d) ২৬-৩০ মার্চ গোয়া এবং আরব সাগরে 'Indian Ocean Naval Symposium Maritime Exercise - 2022' অনুষ্ঠিত হয়ে গেল। অ্যাচিভার্স

39. (a) অরণ্য সংক্রান্ত গবেষণামূলক কাজকর্মের জন্য উত্তরাখণ্ডের দেরাদুনে ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট অবস্থিত। বর্তমানে এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হয়েছেন ডক্টর রেণু সিং।

40. (c) আন্তর্জাতিক ক্রিকেট পরিচালন সংস্থা আইসিসি কর্তৃক প্রদত্ত আইসিসি মেনস প্লেয়ার অফ দ্য মান্থ ফর মার্চ - ২০২২ এ পুরস্কৃত হলেন পাকিস্তানের অধিনায়ক বাবর আজম। অপরদিকে মহিলাদের বিভাগে পুরস্কৃত হয়েছেন অস্ট্রেলিয়ার ওপেনার রাচেল হ্যানস। অ্যাচিভার্স

41. (b) ৩০ মার্চ থেকে ৩ এপ্রিল ২০২২ তারিখে ভারত ও ফ্রান্সের নৌবাহিনী মধ্যে অনুষ্ঠিত হয়ে গেল যৌথ নৌমহড়া 'VARUNA-2022'। এই নৌমহড়াটি আরব সাগরে অনুষ্ঠিত হয়ে গেল।

42. (a) সুকন্যা সমৃদ্ধি যোজনায় এপ্রিল থেকে জুন - ২০২২ সময়কালে সুদের হার ৭.৬০%।

**এক নজরে SSY—**

☞ উদ্দেশ্য — কন্যা শিশুদের আর্থিক দিক থেকে উন্নত করা।

☞ ন্যূনতম বিনিয়োগ — বছরে ২৫০ টাকা থেকে ১.৫ লক্ষ টাকা।

☞ মেয়াদকাল — ২১ বছর।

43. (d) সুরক্ষিত ইলেকট্রিক মোডের মাধ্যমে আদালতের আদেশ প্রেরণ করার জন্য সুপ্রিম কোর্ট 'FASTER' (Fast and Secured Transmission of Electronic Records) নামক এক সফটওয়ার চালু করেছে।

**এক নজরে সুপ্রিম কোর্ট—** অ্যাচিভার্স

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৫০ সাল।

☞ অবস্থান — নতুন দিল্লি।

☞ বর্তমান প্রধান বিচারপতি — এন ভি রামনা।

44. (a) ভারতের বিশিষ্ট মহিলা ভারোত্তোলক মীরাবাঈ চানু বিবিসি ইন্ডিয়ান স্পোর্টসওম্যান অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড-২০২২ এ পুরস্কৃত হয়েছেন। অ্যাচিভার্স

**এক নজরে মীরাবাঈ চানু'র মেডেল তালিকা—**

☞ ২০২০ সালের টোকিও অলিম্পিক — রুপো।

☞ ২০১৭ সালের ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ — সোনা।

☞ ২০২০ সালের এশিয়ান চ্যাম্পিয়নশিপ — ব্রোঞ্জ।

45. (c) ১ এপ্রিল জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'র (GSI) ডিরেক্টর জেনারেল হিসাবে ডক্টর এস রাজু পূর্ববর্তী পদাধিকারী আর এস ঘারখাল এর স্থলাভিষিক্ত হলেন।

**এক নজরে GSI—**

☞ প্রতিষ্ঠাকাল — ১৮৫১ সাল। অ্যাচিভার্স

☞ সদর কার্যালয় — কলকাতা।

46. (c) অটিজম রোগ সংক্রান্ত বিষয়ে সচেতনতা গড়ে তুলতে ২ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড অটিজম অ্যাওয়ারনেস ডে' উদযাপিত হল। এবছরের থিম হল— 'Inclusive Quality Education for All'.

47. (a) ২৮ মার্চ প্রয়াত ভীম বাহাদুর গুরুং সিকিমের বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। ১৯৮৪ সালের ১১-২৪ মে সিকিমের মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন। প্রথম জীবনে তিনি দীর্ঘদিন অমৃতবাজার পত্রিকার সাংবাদিক হিসাবে দীর্ঘদিন কাজ করেছেন।

48. (d) ৪ মার্চ-৩ এপ্রিল নিউজিল্যান্ডে অনুষ্ঠিত ২০২২ সালের মহিলাদের আইসিসি ক্রিকেট ওয়ার্ল্ড কাপ প্রতিযোগিতায় অস্ট্রেলিয়া, ইংল্যান্ডকে ৭১ রানে পরাজিত করে সপ্তমবারের জন্য চ্যাম্পিয়ন হল। এবারের খেলায় বিবিধ পুরস্কার প্রাপকগণ—

☞ প্লেয়ার অফ দ্য সিরিজ — অ্যালিসা হ্যালি (অস্ট্রেলিয়া)।

☞ সর্বাধিক উইকেট সংগ্রহকারী — সোফি একলেস্টোন (ইংল্যান্ড)। অ্যাচিভার্স

☞ সর্বাধিক রান সংগ্রহকারী— অ্যালিসা হ্যালি (অস্ট্রেলিয়া)।

49. (c) ২২ মার্চ থেকে ৩ এপ্রিল মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত মিয়ামি ওপেন টেনিস প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গলসে পোল্যান্ডের ইগা সোয়াটেক চ্যাম্পিয়ন হলেন। ফাইনালে তিনি জাপানের নাওমি ওসাকাকে পরাজিত করেছেন।

50. (a) সম্প্রতি দিল্লি মেট্রোরেল কর্পোরেশনের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন বিকাশ কুমার। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মঙ্গু সিং এর স্থলাভিষিক্ত হলেন।

**এক নজরে DMRC—**

☞ গঠনকাল — ১৯৯৫ সাল। অ্যাচিভার্স

☞ সদর কার্যালয় — নতুন দিল্লি।

51. (c) ৩ এপ্রিল মার্কিন যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে অনুষ্ঠিত ২০২২ সালের ৬৪তম গ্র্যামি পুরস্কারের 'বেস্ট রেকর্ড অফ দ্য ইয়ার' বিভাগে পুরস্কৃত হয়েছে 'Leave the Door Open' অ্যালবামটি।

52. (a) ৫ এপ্রিল হাঙ্গেরির প্রধানমন্ত্রী হিসাবে চতুর্থবারের জন্য পুনর্নির্বাচিত হলেন ভিক্টর ওরবান। এবারের নির্বাচনে তাঁর নেতৃত্বাধীন ফিডেজ দল মোট ১৯৯টি আসনের মধ্যে ১৩৫টিতে জয়লাভ করেছে। তিনি ২০১০ সালের ২৯ মে হাঙ্গেরির প্রধানমন্ত্রী হিসাবে প্রথমবার দায়িত্ব গ্রহণ করেছিলেন। অ্যাচিভার্স

53. (a) সম্প্রতি প্রকাশিত 'Crunch Time : Narendra Modi's National Security Crises' গ্রন্থটির রচয়িতা হলেন বিশিষ্ট সমাজবিজ্ঞানী শ্রীরাম চাউলিয়া।

54. (b) সিকিউরিটিজ বাজারে উদ্ভাবনী কৌশল প্রচারের জন্য সেবি (SEBI) সম্প্রতি যে আইডিয়াথন চালু করেছে তার নাম হল— 'Manthan'।

**এক নজরে সেবি—**

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৮৮।

☞ সদর কার্যালয় — মুম্বাই।

☞ বর্তমান চেয়ারপার্সন — মাধবী পুরি বাচ।

55. (b) ৩০ এপ্রিল ভারতের বিদেশ সচিব হিসাবে বিনয় মোহন কোয়াত্রা পূর্ববর্তী পদাধিকারী হর্ষবর্ধন শ্রীংলার স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ভারতীয় রাষ্ট্রদূত হিসাবে নেপালে কর্মরত ছিলেন।

56. (b) সম্প্রতি প্রকাশিত 'Birsa Munda – Janjatiya Nayak' নামক গ্রন্থটির রচয়িতা হলেন অধ্যাপক অলোক চাকরাওয়াল, যিনি বর্তমানে গুরু ঘাসিদাস বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর হিসাবে কর্মরত আছেন।

57. (a) ৭ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড হেলথ ডে'র এবছরের থিম হল— 'Our Planet, Our Health'। এই দিনটি ১৯৫০ সাল থেকে পালিত হয়ে আসছে।

58. (a) সম্প্রতি 'ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' ডিজিটাল ট্রান্সফর্মেশন প্রোডাক্ট 'SMBHAV' চালু করেছে। এই জন্য সংশ্লিষ্ট ব্যাঙ্ক ২০২২-২৩ অর্থবর্ষে এক হাজার কোটি টাকা বরাদ্দ করেছে।

59. (b) বিশিষ্ট হিন্দি কবি ও সাহিত্যিক রামাদর্শ মিশ্র ২০২১ সালের সরস্বতী সম্মানে ভূষিত হলেন। তিনি তাঁর লেখা 'Main Hun Yahan Hun' নামক কাব্যগ্রন্থের জন্য এই পুরস্কারে ভূষিত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯১ সাল থেকে বিড়লা ফাউন্ডেশন কর্তৃক এই পুরস্কার প্রদান করা শুরু হয়েছিল।

60. (c) ৩ এপ্রিল, ২০২২ তারিখে চীন 'Gaofen-303' নামক পৃথিবী পর্যবেক্ষণকারী স্যাটেলাইটের সফল উৎক্ষেপণ করেছে। এটি জিউকিউয়ান স্যাটেলাইট উৎক্ষেপণ কেন্দ্র থেকে উৎক্ষেপণ করা হয়েছে।

61. (a) সম্প্রতি প্রকাশিত 'The Maverick Effect' নামক গ্রন্থটির রচয়িতা হলেন এইচ এস মেহতা, যিনি ন্যাসকমের প্রতিষ্ঠাতা সদস্য এবং প্রথম চেয়ারম্যান ছিলেন।

62. (b) ৭ এপ্রিল RBI বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ককে ৯৩ লক্ষ টাকা জরিমানা করেছে। ঋণ ও অন্যান্য বিধিনিষেধ সংক্রান্ত নিয়মনীতি না মানার কারণে RBI এই জরিমানা করেছে।

**এক নজরে অ্যাক্সিস ব্যাঙ্ক:—**

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৯৩ সাল।

☞ সদর কার্যালয় — মুম্বাই।

63. (d) বিশিষ্ট কানাডিয়ান আলোকচিত্রশিল্পী আম্বার ব্রাকেন ২০২২ সালের ওয়ার্ল্ড প্রেস ফটো অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। তিনি যে চিত্রটির জন্য এই পুরস্কারে ভূষিত হয়েছেন সেটি হল– 'Kamloops Residential School'। এই পুরস্কারটি 'World Press Photo' কর্তৃক প্রদান করা হয়।

64. (b) সম্প্রতি প্রকাশিত 'NOT JUST A NIGHT WATCHMAN : My Innings in the BCCI' নামক গ্রন্থের রচয়িতা হলেন ভারতের প্রাক্তন ক্যাগ বিনোদ রাই।

65. (a) ১০ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড হোমিওপ্যাথি ডে'র এবছরের থিম হল— 'People's Choice of Wellness'।

66. (c) নীতি আয়োগ প্রকাশিত 'State Energy & Climate Index (SECI) Round-1-এর বৃহৎ রাজ্য বিভাগে গুজরাট প্রথম স্থানে রয়েছে।

67. (c) ১০ এপ্রিল অস্ট্রেলিয়ার মেলবোর্নে অনুষ্ঠিত ২০২২ সালের অস্ট্রেলিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন মোনাকোর ফেরারি ড্রাইভার চার্লস লেকরেক। এবারে এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে মেক্সিকোর সার্জিও পেরেজ এবং ব্রিটেনের জর্জ রাসেল।

68. (b) ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান হিসাবে মনোজ সোনি পূর্ববর্তী পদাধিকারী প্রদীপ কুমার যোশীর স্থলাভিষিক্ত হলেন।

69. (a) ভারতের বিশিষ্ট বাঙালি কথা সাহিত্যিক অমর মিত্র ২০২১ সালের 'ও হেনরি প্রাইজে' ভূষিত হলেন। তিনি তাঁর লেখা 'Gaonbura' নামক গ্রন্থের জন্য তিনি এই পুরস্কারে ভূষিত হলেন।

70. (a) ইন্ডিয়ান রেলওয়েজ দল ৭১তম ওমেন'স সিনিয়র ন্যাশনাল বাস্কেটবল চ্যাম্পিয়নশিপে তেলেঙ্গানাকে ১৩১-৮২ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

71. (c) বিশিষ্ট কোঙ্কনি লেখক দামোদর মাওঝো ৫৭তম জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিত হলেন। ৭৭ বছর বয়সি এই বর্ষীয়ান লেখক সাহিত্যক্ষেত্রে সমগ্র জীবনের অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল।

72. (c) সুপরিচিত বিশিষ্ট ভারতীয় অর্থনীতিবিদ ও রাজনৈতিক ধারাভাষ্যকার প্রভাত পট্টনায়েক ২০২২ সালের ম্যালকম আদিসেশিয়া অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। ম্যালকম অ্যান্ড এলিজাবেথ আদিসেশিয়ান ট্রাস্ট কর্তৃক এই পুরস্কার প্রদান করা হয়।

73. (c) সম্প্রতি নতুন দিল্লির 'তিনমূর্তি কমপ্লেক্সে' প্রধানমন্ত্রী সংগ্রহালয় গড়ে উঠল।

74. (a) উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু সম্প্রতি আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় ২০২১ সালের ইন্টারন্যাশনাল গান্ধী অ্যাওয়ার্ড ফর লেপ্রসি (ব্যক্তিগত) তে পুরস্কৃত করলেন চণ্ডীগড়ের ডক্টর ভূষণ কুমারকে। অপরদিকে ইনস্টিটিউশনাল বিভাগে পুরস্কৃত হল গুজরাটের 'সহযোগ কুষ্ঠ যজ্ঞ ট্রাস্ট'।

75. (a) সম্প্রতি নিউজিল্যান্ড সরকার কর্তৃক প্রদত্ত স্যার রিচার্ড হ্যাডলি মেডেলে ভূষিত হলেন নিউজিল্যান্ডের বোলার টিম সৌদি। তিনি এযাবৎ ৮৫টি টেস্টে ১৭৬৯ রান, ৩৩৮টি উইকেট। ১৪৩টি একদিবসীয় ম্যাচে ৬৭৯ রান এবং ১৯০টি উইকেট সংগ্রহ করেছেন।

76. (c) কেন্দ্রীয় সরকার কর্তৃক 'ন্যাশনাল কমিশন ফর মাইনোরিটিজ' এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন ইকবাল সিং লালপুরা। তিনি একজন অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার। চাকরি জীবন থেকে অবসর নেওয়ার পর দীর্ঘদিন বিজেপি দলের মুখপাত্র হিসাবে দায়িত্ব পালন করেছেন।

77. (c) ভারতের কিংবদন্তী দাবা গ্র্যান্ড মাস্টার আর প্রজ্ঞানন্দ ১২ এপ্রিল, ২০২২ তারিখে রেকজাভিক ওপেন চেজ টুর্নামেন্টে জয়লাভ করেছেন।

78. (c) সারা বিশ্বজুড়ে হাতি সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে ১৬ এপ্রিল 'Save the Elephant Day' উদযাপিত হয়। অ্যাচিভার্স

79. (d) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৫ এপ্রিল গুজরাটের কচ্ছ জেলার ভূজে ২০০ শয্যা বিশিষ্ট কে কে প্যাটেল সুপার স্পেশালিটি হসপিটালের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। এটি ‘শ্রী কুটচিলেভা প্যাটেল সমাজ’ তৈরি করেছে।

80. (c) সম্প্রতি বেসরকারি কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক কর্পোরেট ও ব্যাঙ্কিং ক্লায়েন্টদের জন্য 'FYN Portal' চালু করেছে। এই পোর্টালটি অ্যাকাউন্ট সার্ভিস, পেমেন্টস অ্যান্ড কালেকশন সংক্রান্ত পরিষেবা প্রদান করবে।

81. (a) ভারত ২০২৩ সালে পথ শিশুদের নিয়ে 'Street Child Cricket World Cup' আয়োজন করবে। এই টুর্নামেন্টটি ‘বালরক্ষা ভারত’ এবং 'Street Child United' কর্তৃক যৌথভাবে আয়োজন করবে। অ্যাচিভার্স

82. (a) ১৬ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া World Voice Day এর এবছরের থিম হল– 'Lift Your Voice'।

83. (a) সম্প্রতি অনুষ্ঠিত ৭১তম মেনস সিনিয়র ন্যাশনাল বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ তামিলনাড়ু, পাঞ্জাবকে ৮৭-৬৯ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

84. (a) ১৭ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড হিমোফিলিয়া দিবসের এবছরের থিম হল– 'Access for All : Partnership'।

85. (b) ইন্ডিয়ান রুপি চিহ্নের নকশাকার হলেন ডি উদয়কুমার। প্রতীকটি দেবনাগরি লেটার ‘র’ (Ra) এবং ল্যাটিন লেটার 'R'-এর সংমিশ্রণে গঠন করা হয়েছে। অ্যাচিভার্স

86. (d) বর্ডার রোড অর্গানাইজেশন (BRO) হিমাচল প্রদেশের সিনচুলা পাসে বিশ্বের উচ্চতম টানেল গড়ে তুলতে চলেছে, যেটির লাদাখের সঙ্গে সংযোগ সাধন করবে।

87. (a) লেঃ জেঃ মনোজ পাণ্ডে ভারতের সেনাপ্রধান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী এম এম নারাভানের স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ভারতীয় সেনাবাহিনীর ভাইস চিফ ছিলেন।

88. (a) সদ্য প্রয়াত প্রফুল্ল কর বিশিষ্ট ওড়িয়া সংগীতশিল্পী, পরিচালক ও গীতিকার ছিলেন। তিনি ২০১৫ সালে ‘পদ্মশ্রী’ সম্মানে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

89. (c) লিভার রোগ সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে ১৯ এপ্রিল সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড লিভার ডে উদযাপিত হল। অ্যাচিভার্স

90. (a) সম্প্রতি গুজরাটের গান্ধীনগরে অবস্থিত স্বামীনারায়ণ অক্ষরধাম মন্দিরে ভারতের প্রথম পোর্টেবল সোলার রুফটপ সিস্টেম চালু হয়েছে।

91. (a) IMF-এর অনুমানুসারে ২০২৩ অর্থবর্ষে ভারতের প্রত্যাশিত জিডিপি বৃদ্ধির হার হল ৮.২%। সম্প্রতি প্রকাশিত 'World Economic Outlook Report'-এ এই পরিসংখ্যানটি প্রকাশিত হয়েছে।

92. (c) ইন্ডিয়ান কোস্টগার্ড কর্তৃক ১৯ এপ্রিল গোয়ার মার্মাগাঁও পোতাশ্রয়ে দূষণ প্রতিক্রিয়া অনুশীলন NATPOLREX-VIII অনুষ্ঠিত হয়ে গেল।

93. (b) ২০ এপ্রিল ইউএন চাইনিজ ল্যাঙ্গুয়েজ ডে উদযাপিত হয়ে গেল। অ্যাচিভার্স

94. (c) সম্প্রতি প্রকাশিত 'The Boy who wrote constitution: A Play for Children on Human Rights' নামক গ্রন্থটির রচয়িতা হলেন বিশিষ্ট আইনজীবী ও লেখক রাজেশ তলোয়ার।

95. (b) ২০ এপ্রিল গুজরাটের গান্ধীনগরে Global AYUSH Investment & Innovation Summit' অনুষ্ঠিত হয়ে গেল। এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

96. (a) ২১ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'World Creativity & Innovation Day' উদযাপিত হয়ে গেল। অ্যাচিভার্স

97. (b) সম্প্রতি নাগপুরে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ভারতের প্রথম ‘ইন্টারনেট রেডিও চ্যানেল’ চালু হয়েছে।

98. (b) ভারতের প্রথম ৯৯.৯৯৯% বিশুদ্ধ গ্রিন হাইড্রোজেন পাইলট প্ল্যান্ট অসমের জোড়হাটে গড়ে উঠল। এটি অয়েল ইন্ডিয়া লিমিটেড কর্তৃক গড়ে তোলা হয়েছে।

99. (c) ভারতের কিংবদন্তী দাবাড়ু ডি গুকেশ ৪৮তম লা রোডা ইন্টারন্যাশনাল ওপেন চেস টুর্নামেন্টে জয়লাভ করেছেন। এটি স্পেনের ক্যাস্টিলা লা মাঞ্চাতে অনুষ্ঠিত হয়েছিল।

100. (b) সমাজের প্রতি সিভিল সার্জেন্টদের অবদানকে সম্মান জানাতে ২১ এপ্রিল সারা দেশজুড়ে সিভিল সার্ভিস ডে উদযাপন করা হয়। অ্যাচিভার্স

★★★